

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
আইসিটি শাখা
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

ইনোভেশন টিমের ফেব্রুয়ারি/২০২১ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী।

সভাপতি	: মাসুদা খানম : জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও ইনোভেশন অফিসার
সভার তারিখ	: ১৭/০২/২০২১খ্রি.
সভার সময়	: সকাল ১১.০০ ঘটিকা
স্থান	: জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও ইনোভেশন অফিসার এর অফিস কক্ষ # ৫১০।
উপস্থিতি	: পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১। মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত শোকেসিং এ অংশগ্রহণের নিমিত্ত প্রস্তুতি গ্রহণ বিষয়ক আলোচনা :

উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) ও সদস্য সচিব এর নিকট সভাপতি ইনোভেশন শোকেসিং কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) জনাব মোঃ বদিউল আলম সুফল সভায় জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর লক্ষ্যমাত্রা/নির্ণায়ক অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং এ অংশগ্রহণের নিমিত্ত প্রাপ্ত ইনোভেশন আইডিয়াসমূহ থেকে ভাল এবং পূর্বে শোকেসিং এ অংশগ্রহণ করেন নাই এমন উদ্ভাবকগণকে অংশগ্রহণের তালিকা প্রস্তুত করা হয়েছে। সভায় আলোচনা ও পর্যালোচনা সাপেক্ষে ১৬ টি আইডিয়া হতে টিসিডি বিবেচনায় ৮ টি আইডিয়া শোকেসিং এ অংশগ্রহণ বিষয়ে আলোচনা হয়।

২। মাঠ পর্যায়ের উদ্ভাবকগণকে উদ্ভাবনী ফান্ড প্রদান বিষয়ক আলোচনা:

উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) সভায় জানান যে, বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২০-২১ মোতাবেক কর্মসম্পাদন সূচক ১৩.৩.১ অনুযায়ী উদ্ভাবকগণকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের ব্যাপারে উল্লেখ রয়েছে। ইনোভেশন টিমের সদস্যবৃন্দ উদ্ভাবকবৃন্দের সাথে জুম ক্লাউড প্ল্যাটফর্মে মিটিং এ তাঁদের উদ্ভাবনী আইডিয়া সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ইনোভেশন টিমের সদস্য জনাব সাধন চন্দ্র সরকার, সহকারি পরিচালক উদ্ভাবকগণের কাছের উদ্ভাবনী ফান্ডের যৌক্তিকতা নিয়ে জানতে চান। উদ্ভাবকগণ এ বিষয়ের তাঁদের ফান্ডের যৌক্তিকতা সম্পর্কে সভাকে অবহিত করেন।

৩. ২০২০-২১ অর্থবছরে প্রাপ্ত ইনোভেশন প্রকল্প পরিকল্পনা বিষয়ক আলোচনা:

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, গত ১৯.১২.২০২০ খ্রি. তারিখের পর্যন্ত মোট ১৫ টি প্রকল্প পরিকল্পনা ইনোভেশন টিমের নিকট পাওয়া যায়। সভায় প্রকল্প পরিকল্পনাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

৪. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :


উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, বিগত ০৫.০১.২০২১ খ্রিঃ তারিখে ইনোভেশন টিমের সভায় ৬টি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সফল উদ্ভাবকগণকে প্রশংসাসূচক পত্র প্রদানের বিষয়টি নিয়ে পুনরায় আলোচনা করা হয়। আলোচনান্তে, ইনোভেশন ফান্ড প্রদান পরবর্তী সময়ে প্রশংসাসূচক সনদপত্র/ফ্রেস্ট প্রদানের ব্যাপারে আলোচনা হয়।

আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়-

সিদ্ধান্তসমূহ:

১. শোকেসিং এ অংশগ্রহণের নিমিত্ত ৮ জন উদ্ভাবকের তালিকা প্রস্তুত করা হবে;
২. প্রকল্প পরিকল্পনার কার্যক্রম মোতাবেক মূল্যায়ন কমিটির সুপারিশের প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ফান্ড প্রদান করা হবে;
৩. প্রকল্প পরিকল্পনা অনুযায়ী সকল উদ্ভাবককে তাঁদের উদ্ভাবনের পাওয়ার পয়েন্ট প্রস্তুতির অনুরোধ জানানো হবে।

আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শেষ হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মাসুদা খানম)

জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ)

ও

ইনোভেশন অফিসার

ইমেইলঃ dfoict@fisheries.gov.bd

স্মারক নম্বরঃ ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০২.২০.০৩

তারিখঃ ১৭ ফেব্রুয়ারি, ২০২১

বিতরণঃ কাযার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর;
- ২) স্টাফ অফিসার (সহকারী পরিচালক), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩) সহকারী পরিচালক, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর;
- ৪) উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর;
- ৫) অফিস কপি।